গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

নম্বর ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৪৬

তারিখ: ২ ফাল্গুন ১৪২৮
১৫ ফেব্রুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরের ফেব্রুয়ারী, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ফেব্রুয়ারী, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা আগামী ২০-০২-২০২২ খ্রিঃ তারিখ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে (কক্ষ নম্বর ৪০৩) অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী চুড়ান্তকরণের নিমিত্তে পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং সভায় উপস্থাপনযোগ্য সুনির্দিষ্ট এজেন্ডাসমূহ উপপরিচালক (প্রশাসন) এর ইমেইলে (ahammed.ullah @telecomdept.gov.bd) আগামী ১৬/০২/২০২২ তারিখ বিকাল ০৪:৩০ ঘটিকার মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধিদপ্তরের সহকারি পরিচালক / সমপর্যায় (৯ম গ্রেড) ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করবেন।

খসড়া আলোচ্যসূচী নিম্নরূপ-

০১) পূর্ববর্তী সমন্বয় সভার কার্য্য বিবরণী পাঠ, অনুমোদন ও দৃঢ়ীকরণ।
০২) মহান একুশে ফেব্রুয়ারী ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উৎযাপন।
০৩) সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের অগ্রগতি।
০৪) সিটিডিআর সেন্টারের সার্বিক কার্যাবলীর মাসিক প্রতিবেদন।
০৫) অধিদপ্তরের প্রদত্ত সেবা বিষয়ক মাসিক মনিটরিং প্রতিবেদন।

০৬) বিবিধ।

সংযুক্তি : পূর্ববর্তী সভার কার্যবিবরণী।

১৫-২-২০২২
মোঃ মফিজ উদ্দিন
পরিচালক
ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০
ইমেইল:
dir.admin@telecomdept.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

২) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ) (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী (সকল)/ চীফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৪) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের নিমিত্তে)

৫) সিনিয়র সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬) সিনিয়র সহকারী পরিচালক (প্রশিক্ষণ-১), টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৮) সহকারী পরিচালক (প্রশাসন-২), টেলিযোগাযোগ অধিদপ্তর (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

৯) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরের জানুয়ারী, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্য্যবিবরণী

সভাপতি	মশিউর রহমান মহাপরিচালক, টেলিযোগাযাগ অধিদপ্তর।
সভার তারিখ	১৭/০১/২০২২ খ্রিঃ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সভা কক্ষ (কক্ষ নং-৪০৩), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা।
উপস্থিতি	অধিদপ্তরের সহকারী পরিচালক/ সমপর্যায় হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	ডিসেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ	সভায় অংশগ্রহণকারী সকলের নিকট পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সর্বসম্মতি চাওয়া হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় গত ২৩/১২/২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	অধিদপ্তরের সকল কর্মকর্তা
০২	সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন অপারেশনাল কার্যক্রম		পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব পরিচালক, সিটিডিআর সেন্টার

		ক) সিটিডিআর সেন্টারের "Supply, Installation, Testing and Commissioning of Equipment for Capacity Enhancement, System Augmentation of Cyber Threat Detection and Response System" কাজের দরপত্র আহবান করা হয়েছে যার উন্মুক্তকরণ আগামী ৩১-০১-২০২২ খ্রিঃ তারিখে হবে। ফলে দরপত্র মূল্যায়ন ও অন্যান্য কার্যাদি সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) সাইবার থ্রেড, ডিটেকশন এন্ড রেসপন্স (ফেইজ-২) শীর্ষক প্রকল্পের প্রেরিত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলে প্রকল্পের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। গ) সিটিডিআর সেন্টার একটি স্পর্শকাতর কারিগরি স্থাপনা বিধায় উহার যন্ত্রপাতি সহ সরঞ্জামাদির নিরাপত্তার জন্য স্থাপিত অগ্নি নির্বাপন ব্যবস্থার বার্ষিক রক্ষণাবেক্ষন চুক্তি (এমএমসি) সম্পাদন এবং রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থার জন্য প্রয়োজনীয় সংখ্যক আনসার নিয়োগের পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঘ) সিটিসিডিআর সেন্টারের রক্ষণাবেক্ষন ও পরিচালনার জন্য প্রণীত এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরিত Standard Operating Procedure (SoP) মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঙ) রাষ্ট্রায়ত্ব ও অন্যান্য বেসরকারি খাতের মোবাইল অপারেটরগণের কার্যক্রম সিটিডিআর সেন্টারের পর্যবেক্ষণের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। চ) সিটিডিআর সেন্টারের আওতায় বিটিসিএল থেকে ৫টি Transmission Link ভাড়ায় সংযোগ নেওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	
০৩	সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন।	ডিজিটাল পাঠ্যসূচীর কন্টেন্ট বিজয় ডিজিটাল থেকে পাওয়া সাপেক্ষ্যে এনসিটিবি থেকে উহা চুড়ান্ত অনুমোদন করিয়ে নিয়ে কন্টেন্ট লোড করে প্রকল্পের অধিভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আইটি যন্ত্রপাতি সরবরাহ প্রদান ও স্থাপন কাজ শুরু করতে হবে। ঢাকা ও ময়মনসিংহ বিভাগের ১৫৪ টি বিদ্যালয়ে বৈদ্যুতিক যন্ত্রপাতি সরবরাহ ও স্থাপন কাজ সম্পন্ন হওয়ায় আইটি যন্ত্রপাতি স্থাপন কাজ শেষ করে কাজের PAT শুরু করতে হবে।	পরিচালক (আন্তর্জাতিক টেলিকম সংস্থা) এবং প্রকল্প পরিচালক, সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব

০৪	ডিসেম্বর/ ২০২১ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা	ক) প্রদত্ত সকল সেবাসমূহ পর্যায়ক্রমে সার্ভিস ট্র্যাকিং সফটওয়্যারের আওতায় নিয়ে আসা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) বিটিসিএল ও অন্যান্য সংস্থায় প্রেষণে কর্মরত পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পিআরএল মঞ্জুরী মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাযথ পদ্ধতি অনুসরণ করে দ্রুত সম্পন্ন করতে হবে। গ) ডিওটি থেকে সিএএন্ডএফও অফিসে প্রেরিত অনিষ্পন্ন ১১৭ টি পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঘ) অধিদপ্তরে যোগদানকৃত কর্মকর্তা-কর্মচারীগণের আইবাস সিস্টেমে বেতন-ভাতা প্রাপ্তিতে সৃষ্ট জটিলতা নিরসণে দ্বিপক্ষীয়ভাবে পদক্ষেপ গ্রহণ করে নিষ্পত্তি করতে হবে। ঙ) সেবা গ্রহীতাগণের সেবা প্রাপ্তি সহজীকরণের জন্য একটি হেল্পডেস্ক চালুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক) পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) ও আহ্বায়ক, সেবা মনিটরিং কমিটিখ) পরিচালক (প্রশাসন)/ খ) পরিচালক (প্রশাসন) গ) পরিচালক (অর্থ) ঘ) পরিচালক (অর্থ)/ উপপরিচালক (অর্থ) ঙ) পরিচালক (প্রশাসন)
০৫	কোভিড-১৯ এর বিদ্যমান সংক্রমন পরিস্থিতি ও বিস্তার রোধে গৃহীতব্য কার্যক্রম	ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পরিপত্রের আলোকে প্রশাসন বিভাগ দাপ্তরিক আদেশ জারীসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। খ) ডিওটিতে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণকে ০২ (দুই) ডোজ টিকা গ্রহণ পূর্বক টিকার সনদের কপি প্রশাসন অনুবিভাগে জমা দিতে হবে। গ) কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি না হলে সরকারি নির্দেশনা মোতাবেক শারিরিক উপস্থিতির পরিবর্তে পরবর্তী মাসিক সমন্বয় সভা ZOOM প্লাটফর্মে অনুষ্ঠিত হবে।	ক) ডিওটির সকল কর্মকর্তা/ কর্মচারী খ) ডিওটির সকল কর্মকর্তা/ কর্মচারী গ) পরিচালক (প্রশাসন)
০৬	টেলিযোগাযোগ অধিদপ্তরের স্থাপনা ও সিটিডিআর সেন্টারের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরন সংক্রান্ত	ক) সিটিডিআর সেন্টার Critical Information Infrastructure (CII) এর আওতাভূক্ত বিধায় সিটিডিআর সেন্টারে প্রবেশ পথে ০৩ স্তরের ০৩ টি Access Control System এবং ০১ টি Metal Door স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) সিটিডিআর সেন্টার কেপিআইভূক্ত করণের নিমিত্তে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরিত পত্রের অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে। গ) সিটিডিআর সেন্টার ও অধিদপ্তরের স্থাপনার নিরাপত্তার বিষয়ে কম্পাউন্ডে প্রবেশমূখে কর্তব্যরত আনসার সদস্যগণকে নিয়মিত ব্রিফিংয়ের ব্যবস্থার জন্য টেলিযোগাযোগ প্রশিক্ষণ কেন্দ্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করতে হবে। ঘ) টেলিযোগাযোগ অধিদপ্তরে স্থাপনা ও সিটিডিআর সেন্টারের নিরাপত্তা রক্ষার লক্ষে অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ঙ) টেলিযোগাযোগ অধিদপ্তরে আগত দর্শনার্থীগণের পরিচয় সনাক্ত করে অধিদপ্তরে প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে।	ক) পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও পরিচালক (সিটিডিআর সেন্টার) খ) ------ঐ------ গ) ------ঐ------ ঘ) -------ঐ----- ঙ) পরিচালক (প্রশাসন)

০৭	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ)	টেলিযোগাযোগ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিতভাবে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করতে হবে।	উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)
০৮	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম	টেলিযোগাযোগ অধিদপ্তরের অফিসিয়াল লোগো ও দাপ্তরিক কাগজপত্রে অধিদপ্তরের কার্যক্রম সংশ্লিষ্ট নির্দিষ্ট স্লাগোন না থাকায় অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে একটি স্লোগান আহবান করে বাছাইয়ের মাধ্যমে একটি স্লোগান নির্বাচন করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)
০৯	বিটিসিএলের টিটিসি'র ছাত্রাবাস ভবনের কক্ষ ভাড়া/ অধিদপ্তরের জন্য নিজস্ব জায়গার বন্দোবস্ত নেয়া।	ক) টিটিসির ছাত্রাবাস ভবনের উত্তর পার্শ্বস্থ ২য় ও ৩য় তলার ১৮ টি কক্ষ ডিওটির অনুকূলে বরাদ্দ দেওয়ায় উক্ত কক্ষসমূহ দ্রুত সংস্কার করে কর্মকর্তা-কর্মচারীদের ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের স্থায়ী অফিসের জন্য বিটিসিএলের কড়াইল কম্পাউন্ডের ৫নং গেইট সংলগ্ন মসজিদের পাশের ০৫ (পাঁচ) বিঘা জায়গা টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ নেয়ার বিষয়ে তড়িৎ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ফ্রিকোয়েন্সি এলাকেশন)/ উপপরিচালক (প্রশাসন) খ)-----ঐ---------
১০	বিবিধ	ক) কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে অথবা অন্যান্য কর্মস্থলে প্রেষণে কর্মকালীন সময়ে উত্থাপিদ বিভিন্ন প্রকার অডিট আপত্তির নিষ্পত্তির নিমিত্তে তৎপরতা অব্যাহত রাখতে হবে। খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের মূলভবনে অবস্থিত ওয়াশরুম সংস্কার করে কর্মকর্তা-কর্মচারীগণের ব্যবহার উপযোগীকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিশেষ করে ২য় তলার পরিত্যাক্ত ওয়াশরুমটি প্রয়োজনীয় সংস্কার করে ব্যবহারের উপযোগী করতে হবে। গ) টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভিন্ন শাখায় রক্ষিত নথিপত্রের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঘ) টেলিযোগাযোগ অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা কর্মচারীগণ স্ব স্ব পদের দায়িত্ব ও কর্তব্য পেশাদারিত্বর সহিত পালনের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক) পরিচালক (প্রশাসন) খ) --------ঐ------- গ) --------ঐ------- সকল কর্মকর্তা ও কর্মচারী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মশিউর রহমান
মহাপরিচালক, টেলিযোগাযাগ অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৩২

তারিখ: ২৭ মাঘ ১৪২৮
১০ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭) অফিস কপি।

মোঃ মফিজ উদ্দিন
পরিচালক